



বাংলাদেশ রেলওয়ে,
সিআরবি, চট্টগ্রাম।
নিয়োগ বিজ্ঞপ্তি

নিয়োগ বিজ্ঞপ্তি নং - ৫৪.০১.১৫০০.১০৬.০৩.০২৩.১৯/২

তাং-৬-০৭-২০১৯খ্রিঃ।

রেলপথ মন্ত্রণালয় প্রশাসন-১ শাখা রেলভবন ঢাকার পত্র নং-৫৪.০০.০০০০.০০৭.১১.০১৪.১২-৩৯ তারিখঃ ১৫/০১/২০১৯খ্রিঃ এবং মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, সংস্থাপন-৩ শাখা রেলভবন, ঢাকার পত্র নং- ৫৪.০১.২৬০০.০০৬.১১.০০২.১৭-৯৭৭ তারিখঃ ০৪/০২/২০১৯খ্রিঃ মোতাবেক বাংলাদেশ রেলওয়েতে সরাসরি নিয়োগযোগ্য নিম্নে বর্ণিত পদে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

ক্র: নং:	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল(টাকা)	০৫-০৯-১৯খ্রিঃ তারিখের বয়স	শিক্ষাগত যোগ্যতা
১।	ট্রেড এ্যাপ্রেন্টিস	৬৭৭	টাঃ ৮২৫০-২০,০১০/- (এনপিএস/২০১৫)	১৬-২০ বৎসর	এসএসসি পাশ

শর্তাবলী :

- আবেদন ফরম, লিখিত ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ রেলওয়ের ওয়েব সাইট www.railway.gov.bd এ পাওয়া যাবে। উক্ত ওয়েব সাইট হতে আবেদন ফরম এ-৪ সাইজের কাগজে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- সম্প্রতি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদন পত্র ও প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে পেস্ট করে লাগাতে হবে।
- (ক) প্রার্থী বাছাইকালে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে।
(খ) নিয়োগের ক্ষেত্রে সরকার নির্দেশিত কোটা (এতিম প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, মহিলা, আনসার- ভিডিপি, ক্ষুদ্র নৃ গোষ্ঠী, সাধারণ ও পোষ্য কোটা) অনুসরণ করা হবে।
- পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা কোড নং- ১-৫১৩১-০০০০-২০৩১ তে জমাদানের ট্রেজারি চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- পরীক্ষার পূর্ণমান ১০০- (লিখিত ৭০ ও মৌখিক ৩০) নম্বর। ৫০% নম্বর পাশ নম্বর হিসেবে বিবেচিত হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার দৈনিক ভাতা অথবা যাতায়াত ভাতা দেয়া হবে না।
- আবেদন পত্র প্রেরণকালে খামের বাম দিকের উপরের অংশে পদের নাম ও প্রার্থীর জেলার নাম স্পষ্টভাবে লিখতে হবে। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য রেলওয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- সরকারী সংস্থা/আধা সরকারী সংস্থায় চাকুরিরত প্রার্থীর দরখাস্ত সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে বিবেচিত হবে। আবেদন পত্রে ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।
- আবেদন পত্র আগামী ০৫/০৯/২০১৯খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে “চীফ পার্সোনেল অফিসার/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম” এর দপ্তরে পৌঁছাতে হবে।
- পরীক্ষা চট্টগ্রাম ও রাজশাহী কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
- বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম বাতিল বা পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল সনদের (যেমন- শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র/ভোটার আইডি কার্ড, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, রেলওয়ে পোষ্য অবর্তমানে নির্ভরশীল ভ্রাতা-ভগ্নী, এতিম খানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী, আনসার ভিডিপি, বিশেষ যোগ্যতা ইত্যাদির সনদ সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত) মূল কপি দেখাতে হবে এবং সকল সনদের ১(এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে। পোষ্য সনদের ক্ষেত্রে স্থায়ী পদে কর্মকর্তা/কর্মচারীর চাকুরিকাল ন্যূনতম ১৫ (পনের) বছর হতে হবে এবং অন্য কোন পোষ্য রেলওয়েতে কর্মরত থাকলে তার পূর্ণাঙ্গ বিবরণ সংযুক্ত করতে হবে।
- বাংলাদেশ রেলওয়ের মেকানিক্যাল কোড এর এ্যাপিডিক্স-১(ii)(৩)(বি) ধারার বিধিমাতে নির্বাচিত প্রার্থীকে নির্ধারিত প্রশিক্ষণ সূচী অনুসারে ৪ বৎসর প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণকালীন সময় সংশ্লিষ্ট প্রার্থীর কার্যক্রম সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। সফলতার সাথে প্রশিক্ষণ সমাপ্তির পর চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হলে টাঃ ৯৭০০-২৩৪৯০/- (এনএসপি/২০১৫) বেতন স্কেলে স্কীল্ড গ্রেড-২ পদের শূণ্যতা স্বাপেক্ষে নিয়োগ প্রদান করা হবে এবং নিয়োগকৃত পদের সমস্কেলে বা নিম্ন স্কেলে পদবী পরিবর্তন করা যাবে না।
- প্রশিক্ষণ কালীন সময় নির্ধারিত ষ্টাইপেন্ড সহ চিকিৎসা, টিফিন, যাতায়াত ও রেশন ভাতা প্রাপ্য হবেন। বাড়ীভাড়া, মহার্ঘভাতা ও উৎসবভাতা প্রাপ্য হবেন না।
- ডাক টিকেটসহ আবেদনকারীর ঠিকানা লেখা দুইটি খাম আবেদনের সাথে দাখিল করতে হবে।


(কাজী মোঃ সেলিম)

চীফ পার্সোনেল অফিসার/পূর্ব
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।